

“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি /২০১৯/৪৬৬


তারিখ : ২৭/১১/২০১৯ খ্রি.

বিষয় : এসএসসি পরীক্ষা-২০২০ এর বিশেষ বিবেচনায় ফরম পূরণের অনুমতি প্রসঙ্গে

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৮/২০১৯ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে সকল বিষয়/আংশিক বিষয়ে অকৃতকার্য অনিয়মিত শিক্ষার্থীদের মধ্যে যারা এখনও ফরম পূরণ করতে পারেনি সে সকল শিক্ষার্থীরা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ২০২০ সনের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি নং : ৮৫ /২০১৯, তারিখ : ১০ অক্টোবর ২০১৯ খ্রি. এবং স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৯/৪৪৭, তারিখ : ১৩/১০/২০১৯ খ্রি. এর নির্দেশনা মোতাবেক আগামী ০১/১২/২০১৯ হতে ০৩/১২/২০১৯ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে গিয়ে অনলাইনে ফরমপূরণ সম্পন্ন করতে হবে। প্রতি শিক্ষার্থীর জন্য পূর্বের নির্ধারিত ফি এর সাথে [বিলম্ব ফি : ১০০.০০ + বিশেষ অনুমতি ফি : ১৫০.০০ = ২৫০.০০ (দুইশত পঞ্চাশ)] টাকা প্রদান করতে হবে।

এছাড়া প্রতিষ্ঠান প্রধানগণ তাঁদের ফরমপূরণকৃত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা যাচাই পূর্বক একই নামের একাধিক শিক্ষার্থী থাকলে তাদের মধ্যে ফরমপূরণের যোগ্য কোন শিক্ষার্থী বাদ পড়লে তাদের ফরমপূরণও উল্লিখিত তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

বিঃদ্র: নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ কোন নিয়মিত শিক্ষার্থী উল্লিখিত সময়ে ফরম পূরণ করতে পারবে না। যে সকল অনিয়মিত শিক্ষার্থী ২০১৮/২০১৯ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে সকল বিষয়/আংশিক বিষয়ে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়া বাধ্যতামূলক নয়। উল্লিখিত তারিখের পরে ফরম পূরণের আর কোন সুযোগ দেয়া হবে না।


(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি /২০১৯/৪৬৬(০৬)

তারিখ : ২৭/১১/২০১৯ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৩। কুমিল্লা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয় এবং স্কুল এন্ড কলেজের প্রধান
- ৪। ম্যানেজার, সোনালী ব্যাংক, বি.আই.এস.ই. বিল্ডিং শাখা, লাকসাম রোড, কুমিল্লা
- ৫। কুমিল্লা শিক্ষা বোর্ডের হিসাব (আয়) শাখা
- ৬। সংরক্ষণ নথি।


(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২